ভোরের কাগজ

তারিখ [illegible]/[illegible]/২০০০
পৃষ্ঠা ১ কলাম ৬

73

# মাধ্যমিক স্তরের বই মুদ্রণের ওপর হাইকোর্টের স্থিতাবস্থা

কাগজ প্রতিবেদক : আসন্ন শিক্ষাবর্ষের জন্য মাধ্যমিক স্তরের সংশোধিত ৬০টি বইয়ের মুদ্রণ, বাঁধাই ও বাজারজাতকরণের ওপর হাইকোর্ট স্থিতাবস্থা জারি করেছে। প্রকাশক ও মুদ্রাকরদের তিন সমিতির মাধ্যমিক স্তর বিষয়ক বইয়ের সমন্বয়ক আবু তাহেরের পাঠ্যপুস্তক বোর্ডের বিরুদ্ধে দরপত্রের শর্ত ভঙ্গ করার অভিযোগ এনে হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চে আবেদন করার পরিপ্রেক্ষিতে গতকাল বুধবার বিচারপতি আমিরুল কবির চৌধুরী এই আদেশ দিয়েছেন। এই আদেশ আদালত খোলার এক সপ্তাহ পর্যন্ত বলবত থাকবে। আদেশে একই সঙ্গে বিষয়টি নিয়মিত বেঞ্চে উপস্থাপনের জন্য আদালত পরামর্শ দিয়েছেন। প্রসঙ্গত, বর্তমানে হাইকোর্টে অবকাশকালীন ছুটি চলছে। খুলবে ১৫ অক্টোবর। আদালতের এই আদেশের ফলে মাধ্যমিক স্তরের বই ছাপা নিয়ে পাঠ্যপুস্তক বোর্ড নতুন করে জটিলতায় পড়লো।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## মাধ্যমিক স্তরের

● প্রথম পাতার পর

বোর্ডের নাম প্রকাশে অনিচ্ছুক একজন উর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, এর ফলে শিক্ষাবর্ষের শুরুতে বই দেওয়া প্রায় অনিশ্চিত হয়ে গেলো। প্রসঙ্গত, মাধ্যমিক স্তরের বই ৩০ নভেম্বরের মধ্যে মুদ্রণ ও বাঁধাইয়ের কাজ শেষ করে ১৫ ডিসেম্বর থেকে বাজারজাতকরণের কথা।

আবু তাহের তার আবেদনে বলেছেন, পাঠ্যপুস্তক বোর্ড গত ১৩ জুলাই মাধ্যমিক স্তরের বই মুদ্রণ, বাঁধাই ও বাজারজাতকরণের জন্য যে দরপত্র আহ্বান করে তার বেশ কয়েকটি শর্ত ভঙ্গ করে পুস্তকা নামে একটি প্রতিষ্ঠানকে সবগুলো বই মুদ্রণ, বাঁধাই ও বাজারজাতকরণের জন্য লেটার অফ ইনটেন্ট দেওয়া হয়েছে। বোর্ড শর্ত অনুযায়ী দরপত্রের শর্ত পরিবর্তনের জন্য ৩ দিন আগে কোনো বিজ্ঞপ্তিও প্রচার করেনি।

প্রসঙ্গত, দীর্ঘ প্রায় ২ মাস পর ৩ আগস্ট পাঠ্যপুস্তক বোর্ড পুস্তকা নামক প্রতিষ্ঠানকে সবগুলো বই ছাপার জন্য লেটার অফ ইনটেন্ট দেয়। বোর্ড সূত্রে জানা গেছে, গতকাল বুধবার নির্ধারিত শেষ সময়ের মধ্যে পুস্তকা বই ছাপার জন্য নিয়ম অনুযায়ী পারফরমেন্স গ্যারান্টি দেয়নি।